ইপসউইচ এন্ড সাফোক বাংলাদেশী কমিউনিটির মুসলিম এইডকে বিশাল অনুদান



স্টাফ রিপোর্টারঃ ইপসউইচ এন্ড সাফোক বাংলাদেশী মুসলিম কমিউনিটি সেন্টার যুক্তরাজ্য ভিত্তিক চ্যারিটি সংগঠন মুসলিম এইডকে ২৩০৮ পাউন্ডের অনুদান প্রদান করেছে। সংস্থার চেয়ারম্যান মোহাম্মদ টুনু মিয়া এই চেক মুসলিম এইডের কমিউনিটি লিয়াজোঁ অফিসার এম.ডব্লিউ খোখার এর হাতে তুলে দেন। পাকিস্তানের বন্যাদূর্গতদের সহায়তার জন্য এই অর্থ দান করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, সংস্তার ট্রাস্টি মাহবুব আলম, সেক্রেটারী চৌধুরী নূরুল ইসলাম এবং ইমাম মাওলানা ইউসুফ সালেহ। হস্তান্তর অনুষ্ঠানে অর্থ দানকারীরাও উপস্থিত ছিলেন।

আন্তর্জাতিক পরিমন্ডল বিএনপি'র কার্যক্রম স্থবির!

প্রবাসী নেতা কর্মীদের দলীয় কার্যক্রম সচল করার দাবী

বাংলাদেশে অন্যতম রাজনৈতিক দল হিসেবে বিএনপি প্রতিষ্ঠিত দল হলেও আন্তর্জাতিক পরিমন্ডলে বিশেষ করে ইউরোপিয়ান ইউনিয়নের সদর দপ্তর বেলজিয়ামে তেমন সুবিধাজনক অবস্থায় নয় বলে জানালেন বেলজিয়ামে বসবাসরত সিলেট ও মৌলভীবাজার জেলার একাধিক দলীয় নেতাকর্মী। ফলে বিএনপি সমর্থিত দলীয় নেতা কর্মীরা হতাশ হয়ে পড়েছেন। বেলজিয়ামে বিএনপি'র কমিটি গঠনের মাধ্যমে দলীয় কার্যক্রম সচল করার জন্য চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার কাছে জোর দাবি জানিয়েছেন নেতাকর্মীরা।

বেলজিয়ামস্থ তারেক রহমান স্বদেশ প্রত্যাবর্তন কমিটির আহ্বায়ক, বেলজিয়ামে বসবাসরত শ্রীমঙ্গলের সন্তান যোশেফ দাশগুপ্ত যশু জানান, ইউরোপের গুরুত্বপূর্ণ দেশ বেলজিয়ামে বিএনপি'র সাংগঠনিক কার্যক্রমে স্থবিরতা বিরাজ করছে। দীর্ঘ ১০ বছর যাবত এ সংগঠনটির কোন কমিটি না থাকায় দলের নেতা-কর্মীরা নিস্ক্রিয় হয়ে পড়েছেন। তার মতে সারা বিশ্বে এ দলটির জোড়ালো কার্যক্রম থাকলেও বেলজিয়ামে স্থবির গয়ে পড়েছে। যশু দাশগুপ্ত জানান, ২০০১ সালে শেখ হাসিনা বেলজিয়ামে আসার পর বিএনপি চেয়ারপার্সন ও দলের অন্যান্য নেতাদের কটুক্তির প্রতিবাদে ওই বছরের ১৩ ও ১৪ মে বেলজিয়ামে বেগম জিয়ার শুভাধ্যুনায়িরা বিক্ষোভ সমাবেশ করে এবং ইউরোপিয় ইউনিয়নের সদর দপ্তরে স্মারকলিপি জমা দেয়া হয়। সে সময়ে বিএনপি'র কোন কমিটি ও সাংগঠনিক কার্যক্রম না থাকায় যুক্তরাজ্য বিএনপি'র সভাপতি মো. মুহিদুর রহমান ও আর্ন্তজাতিক বিষয়ক সম্পাদক মো. সামছুল আলমের নির্দেশে তিনি ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করে দলের সাংগঠনিক কার্যক্রম সক্রিয় করে তুললে তাকে দলের সাধারণ সম্পাদক করা হয়। তিনি দাবি করেন, যারা বাংলাদেশে বা প্রবাসে বিএনপি'র রাজনীতির সাথে কোন ভাবেই জড়িত ছিলেন না বা বিএনপি'র কোন কার্যক্রমে অংশ গ্রহণ করেননি তারাই বেলজিয়ামে বিএনপি'র নেতা দাবি করে দলের ভাবমুর্তিকে বিনষ্ট করছে। যোশেফ দাশগুপ্ত যশু যত সম্ভব দ্রুততম সময়ের মধ্যে বেলজিয়ামে বিএনপি'র কমিটি গঠনের জন্য দলের চেয়ারপার্সনের কাছে জোর দাবি জানিয়েছেন।

প্রসঙ্গত, গত তত্ত্বাবধায় সরকারের সময়ে বিএনপি'র সিনিয়র সহ-সভাপতি তারেক রহমান নির্যাতনের শিকার হয়ে দেশ ত্যাগে বাধ্য হন। তারেক রহমান ও আরাফাত রহমানের মিথ্যা মামলা প্রত্যাহার এবং তাদের দেশে প্রত্যাবর্তনের সুযোগ দানের জন্য যোশেফ দাশগুপ্ত যশুকে আহ্বায়ক করে 'তারেক রহমান স্বদেশ প্রত্যাবর্তন কমিটি' গঠন করা হয়। এ কমিটি জনমত গঠনের জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে। কিন্তু বেলজিয়ামে কোন কমিটি না থাকায় ও সাংগঠনিক কাজে স্থবিরতা বিরাজ করায় কোন আন্দোলন দানা বেধে উঠছে না। তাই যোশেফ দাশগুপ্ত যশু স্বাক্ষরিত এক পত্রে সম্প্রতি বিএনপি'র কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির আর্ন্তজাতিক বিষয়ক সম্পাদক বরাবরে বেলজিয়ামে বিএনপি'র সাংগঠনিক কমিটি গঠনের আবেদন জানিয়েছেন।

পঞ্চাশোর্ধদের জন্য ক্রীড়া প্রতিযোগিতা ২৮ সেপ্টেম্বর

টাওয়ার হ্যামলেটস্ বরার পঞ্চাশোর্ধ বয়সী বাসিন্দাদের জন্য দ্বিতীয় বারের মতো আয়োজিত ওয়েলনেস গেমস আগামী ২৮ সেপ্টেম্বর মাইল এন্ড পার্ক লেজার সেন্টারে অনুষ্ঠিত হবে। ৫০ বা ততোধিক বয়সী সকল বাসিন্দাদের এই ক্রীড়া প্রতিযোগিতায় অংশ নেয়ার জন্য টাওয়ার হ্যামলেটস্ কাউন্সিলের পক্ষ থেকে অনুরোধ করা হয়েছে। খেলাধূলার এই আয়োজনে থাকবে ৯টি ইভেন্ট। এগুলো হচ্ছেঃ ব্যাডমিন্টন, মিনি-টেনিস, টেবিল টেনিস, এ্যারচেরি, সাইকেলিং, ডমিনোজ, শর্ট ম্যাট বোলস্, ডার্টস্, এবং সুইমিং। খেলাধূলায় আপনি নতুন কিংবা অনেক বছর ধরে খেলাধূলা করেননি, এগুলো অজুহাত এই প্রতিযোগিতায় অংশ নেয়ার পথে কোন বাধা নয়। যে কেউ যে কোন খেলায় অংশ নিতে পারবেন। মেয়রের চ্যারিটি হ্যালিকপ্টার ইমার্জেন্সি মেডিক্যাল সার্ভিস (এইচইএমএস) এবং টাওয়ার হ্যামলেটস্ এডুকেশন সাপোর্ট ইন্ সিলেট ট্রাস্ট (টিএইচইএসআইএস) এর সমর্থনে সারা বছর আয়োজিত নানা ইভেন্টের একটি হচ্ছে এই ওয়েলনেস গেমস। কাউন্সিলের স্পোর্টস্ এন্ড ফিজিক্যাল এ্যাক্টিভিটিজ টীমের উদ্যোগে আয়োজিত এই ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীরা ১৫ অক্টোবর শুক্রবার অনুষ্ঠিতব্য ওয়েলনেস গেমসে টাওয়ার হ্যামলেটসের প্রতিনিধিত্ব করবেন। এতে যোগ দেয়ার আবেদন পত্র পেতে চাইলে ০২০ ৭৩৬৪ ৩২১৪ নাম্বারে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হয়েছে। আবেদন পাঠানোর শেষ তারিখ ১৩ সেপ্টেম্বর সোমবার।

নজরুল ইসলাম বাবু এমপি লন্ডনে

বাংলাদেশ জাতীয় সংসদের নৌ পরিবহন ও টি এন্ড টি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য এবং কেন্দ্রীয় আওয়ামীলীগের কার্যকরী কমিটির সদস্য সাবেক ছাত্রলীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম বাবু গত ২৮ আগস্ট এক সাংগঠনিক সফরে লন্ডনে এসেছেন। তার আগমণ উপলক্ষ্যে ঐ দিন হিথ্রো বিমান বন্দরে দলীয় নেতা কর্মীরা তাকে অভ্যর্থনা জানান। তিনি সম্প্রতি ইটালীতে জাতীয় শোক দিবসের কর্মসূচীসহ সাংগঠনিক সফর শেষে লন্ডনে আসেন। লন্ডনে তার অবস্থানকালে দলীয় বিভিন্ন কর্মসূচীতে অংশ নেবেন। তিনি আগামী ৫ সেপ্টেম্বর দেশে ফেরার কথা রয়েছে। উলেখ্য নজরুল ইসলাম বাবু ২১ আগস্ট গ্রেনেড হামলায় আহত হয়ে চিকিৎসার জন্য ২০০৫ সালে সর্বশেষ লন্ডনে আসেন।

ইউনিটি কাপ ফুটবল টুর্নামেন্ট ১১ সেপ্টেম্বর ভিক্টোরিয়া পার্কে

টাওয়ার হ্যামলেটস্ বরার স্থানীয় ফুটবল ক্লাব দ্বিতীয় বারের মতো মুখোমুখি হবে আসন্ন ইউনিটি কাপ টুর্নামেন্টে। আগামী ১১ সেপ্টেম্বর, শনিবার সকাল ১০টা থেকে বিকাল ৩টা পর্যন্ত ভিক্টোরিয়া পার্কে অনুষ্ঠিত হবে এই ফুটবল টুর্নামেন্ট। টাওয়ার হ্যামলেটস্ কাউন্সিলের স্পোর্টস্ এন্ড ডেভেলপমেন্ট টীম-এর উদ্যোগে আয়োজিত এই প্রতিযোগিতায় বরার ১৭ থেকে ২০ বছর বয়সীরা অংশ নিতে পারবে। স্থানীয় কিশোর তরুণদের জন্য ফুটবলে নিজেদের প্রতিভা তুলে ধরার এ এক অনন্য সুযোগ। কাউন্সিলের সংস্কৃতি বিষয়ক লীড মেম্বার, কাউন্সিলর ডেনিস জোনস্ বলেন, আমাদের কয়েকটি অত্যন্ত প্রতিভাবান ফুটবল ক্লাবের সাফল্য উদযাপনের এক অসাধারণ সুযোগ হচ্ছে এই ইউনিটি কাপ কম্পিটিশন। এটা খুবই আনন্দের যে, নিজেদের সবল, সুঠাম ও সুস্বাস্থ্য নিশ্চিত করতে আমাদের অসংখ্য উঠতি বয়সী ছেলে মেয়ে খেলাধূলা ও শরীর চর্চার নানা আয়োজনে নিজেকে সম্পৃক্ত রেখেছে। ইউনিটি চ্যাম্পিয়ন ২০১০ শিরোপা জয়ের জন্য ৬টি দল পরস্পরের মুখোমুখি হবে। দলগুলো হচ্ছেঃ মিলওয়াল এলবিয়ন ফুটবল ক্লাব, নিউআর্ক ইয়ূথ লন্ডন ফুটবল ক্লাব, এস.ও.ইউ.এল ফুটবল ক্লাব, বেথনাল গ্রীণ ইউনাইটেড ফুটবল ক্লাব, জুভা ফুটবল ক্লাব এবং ভ্যালেন্স ফুটবল ক্লাব।

এদের মধ্য থেকে শীর্ষস্থান অর্জনকারী দুটি দল ২৭ অক্টোবর বুধবার মাইল এন্ড স্টেডিয়ামে শিরোপা জয়ের চূড়ান্ত লড়াইয়ে অবতীর্ন হবে। স্থানীয় ক্লাবগুলোর এই ফুটবল প্রতিযোগিতায় সমর্থন যোগাতে সপরিবারে মাঠে উপস্থিত থাকার জন্য সকলের বরার বাসিন্দাদের প্রতি অনুরোধ করা হয়েছে। আরো তথ্য জানতে হলে কাউন্সিলের সিনিয়র ফুটবল ডেভেলপমেন্ট অফিসার ডেরেক বেনেট-এর সাথে ০২০ ৭৩৬৪ ৪৩৯০ নাম্বারে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হয়েছে।

বিএনপির ৩২ তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন ও ইফতার মহফিল কানাডা বিএনপির

১লা সেপ্টেম্বর মনট্রিয়ল: জেনাত রেষ্টরেন্টে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি কানাডা শাখার উদ্যোগে বিএনপি'র ৩২তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়েছে। আধুনিক বাংলাদেশের রূপকার শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আত্মার মাগফিরাত এবং দেশের অগ্রগতি ও সমৃদ্ধি কামনা করে মোনাজাত করা হয়।

১৯৭৮ সালের ১লা সেপ্টেম্বর মহান স্বাধীনতার ঘোষক শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান গঠন করেন বাংলাদেশী জাতীয়তাবাদী দল (বিএনপি)। আজ বিএনপি'র ৩২তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন কানাডা বিএনপির সভাপতি ইকবাল আহমেদ।

উন্নয়ন-উৎপাদনের আধুনিক রাজনীতিকে মূল প্রতিপাদ্য করে ১৯ দফা কর্মসূচীর ভিত্তিতে আত্মপ্রকাশের মাত্র পাঁচ মাসের মাথায় ১৯৭৯ সালের ফেব্রুয়ারীতে জাতীয় সংসদ নির্বাচনে বিএনপি ২০০টি আসন লাভ করে এক নতুন ইতিহাসের সূচনা করে। এ দলের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান আধুনিক বাংলাদেশের রূপকার শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান "তলাবিহীন ঝুড়ি"র কলংকতিলক মুছে ফেলে দেশকে বিশ্বের বুকে মাথা তুলে দাঁড় করাতে শুরু করেন। প্রতিষ্ঠাবার্ষিকী আলোচনা সভায় কানাডা বিএনপির নেতৃবৃন্দের মধ্যে বক্তব্য দেন, কানাডা বিএনপির সাধারণ সম্পাদক কাজী দেলোয়ার হোসেন, কানাডা বিএনপির সাবেক সভাপতি মামুনুর রশীদ,প্রবীন রাজনীতিবিদ ও লেখক নুর মোহাম্মদ কাজী, কানাডা বিএনপির সহ- সভাপতি মঞ্জুর ই আলম. কাজী শাহাজাহান হোসেন বাদশা, সহ- যুগ্ন-সম্পাদক মোঃ নুরনবী, সাংগঠনিক সম্পাদক কামরুল হাসান, মহিলা সম্পাদিকা সেলিনা হোসেন, রবিউল হক, ক্যুইবেক বিএনপির আহবায়ক মহিবুর রহমান. জালালুর রহমান, মোঃ আলাউদ্দিন, ইঞ্জিনিয়ার আমজাদ হোসেন , কাজী সালাহ উদ্দিন, লিবরা খান, মিসেস খান, ফারুক আহমেদ,আবু হানিফ, আরমান উল্লা, জিয়া একাডেমীর শিক্ষিকা তানিয়া হোসেন, আবু তাহের, রফিক মিনা, নবীন বড়ুয়া, আনোয়ার হোসেন, প্রমূখ।

কানাডা বিএনপির সভাপতি ইকবাল আহমেদ বলেন, বাংলাদেশী জাতীয়তা-বাদের দর্শনকে সামনে রেখে উন্নয়নের রাজনীতির স্লোগান নিয়ে শুরু হয়েছিল বিএনপি'র যাত্রা।

সর্বশেষ ২০০১ সালের ১ অক্টোবর জাতীয় নির্বাচনে তৃতীয়াংশের বেশী আসনে 'ভোট বিপ্লাবে' বিজয়ী হয়ে ক্ষমতায় আসে।

তৃতীয়বারের মত প্রধানমন্ত্রী হবার অনন্য গৌরব অর্জন করেন দলের চেয়ারপার্সন বেগম খালেদা জিয়া। বর্তমানে সারাদেশে এর রয়েছে শক্ত ভিত্তি। কালের পরিযমায় বিএনপি আজ একটি পূর্ণ ও পরিণত দল। সংসদীয় পদ্ধতি প্রবর্তনের পর ৩ বার ক্ষমতায় গেছে বিএনপি। ১৯৯৬ সালে সপ্তম সংসদে ১১৬ আসন পায় বিএনপি। দেশের ইতিহাসে বৃহত্তম বিরোধী দল হিসেবে সংসদে বসে। চেয়ারপারসন বেগম খালেদা জিয়া চার-চার বার ৫ আসনে নির্বাচনে বিজয়ী হয়ে তার ও দলের ইমেজ অক্ষুন্ন রেখেছেন।